ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-২২৮৮</u>

আগরতলা,১১ আগস্ট,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

‘‘টিএমসি’তে বেআইনি নিয়োগ স্বাস্থ্য দপ্তরের দিকে আঙুল,’’ এই শিরোনামে প্রতিবাদী কলম পত্রিকায় গত ৩ আগস্ট, ২০২৫ তারিখে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এ বিষয়ে ত্রিপুরা মেডিক্যাল কলেজের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, যে সব চিকিৎসক পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি সম্পন্ন করেছেন, তাদের সর্বোচ্চ তিন বছরের জন্য ত্রিপুরা মেডিক্যাল কলেজ অ্যান্ড ডঃ বিআরএএম টিচিং হাসপাতালে সিনিয়র রেসিডেন্ট হিসেবে প্রশিক্ষণের উদ্দেশ্যে নিয়োগ করা হয়। বহু ক্ষেত্রে চিকিৎসকদের সম্মতি জ্ঞাপন করার পর এই নিয়োগ হয়ে থাকে। কোনো চিকিৎসক যদি সিনিয়র রেসিডেন্ট হিসেবে প্রশিক্ষণ শেষ না করেন, তাহলে তিনি কোনো মেডিকেল কলেজের ফ্যাকাল্টি হিসেবে নিয়োগ পাওয়ার যোগ্য হন না। ত্রিপুরা মেডিক্যাল কলেজ এবং ত্রিপুরা সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর উভয়ই চারজন পোস্টগ্র্যাজুয়েট কোর্স সম্পন্ন চিকিৎসককে সিনিয়র রেসিডেন্ট হিসেবে প্রশিক্ষণ প্রদানের উপযোগী মনে করেছে। সেই অনুসারে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অধীনে ত্রিপুরা সরকার ত্রিপুরা হেলথ সার্ভিস-এর চারজন মেডিকেল অফিসারকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সিনিয়র রেসিডেন্ট হিসেবে ত্রিপুরা মেডিক্যাল কলেজ অ্যান্ড ডঃ বিআরএএম টিচিং হাসপাতালে ডেপুটেশনে নিযুক্ত করা হয়েছে। এই আদেশে কোনও ত্রুটি নেই। এর আগেও পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রিধারীদের ত্রিপুরা মেডিক্যাল কলেজ অ্যান্ড ডঃ বিআরএএম টিচিং হাসপাতালে প্রশিক্ষণের জন্য সুযোগ দেওয়া হয়েছে।

*****